



ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
রাজস্ব বিভাগ
সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)
ট্রেড লাইসেন্স ইস্যু ও নবায়ন সংক্রান্ত

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

ক্রঃ	সেবাসমূহ	সেবা প্রদান পদ্ধতি	প্রয়োজনীয় কাগজ পত্রাদি	সেবা মূল্য / ফি	কার্যসম্পাদনের সময় সীমা	সেবা প্রাপ্তির স্থান
১	ট্রেড লাইসেন্স ইস্যু	ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এলাকায় পেশা, ব্যবসা-বাণিজ্য এবং জীবিকা বৃদ্ধির উপর আদর্শ কর তফসিল/১৬ মতে নির্ধারিত হারে ফি আদায়পূর্বক ট্রেড লাইসেন্স ইস্যু করা হয়।	<ul style="list-style-type: none">ট্রেড লাইসেন্সের জন্য নির্ধারিত ফরমে ব্যবসার ধরন, স্থান, স্থায়ী/বর্তমান ঠিকানা ইত্যাদি উল্লেখ পূর্বক ৩ (তিন) কপি ছবি, ভাড়ার চুক্তিপত্র ও ভাড়ার রশিদ/নিজস্ব হোল্ডিং হলে কর পরিশোধের রশিদসহ কর কর্মকর্তা বরাবর আবেদন করতে হয়।বিনামূল্যে আবেদন ফরম ডিএনসিসির (www.dncc.gov.bd) এ পাওয়া যায়।	ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ওয়েবসাইটে (www.dncc.gov.bd) প্রদত্ত আদর্শ কর তফসিল, ২০১৬ অনুযায়ী নির্ধারিত ব্যবসার ধরন অনুকূলে নির্ধারিত ফি এবং নতুন বহি মূল্য ২০০/টাকা প্রদান করতে হবে। ট্রেড লাইসেন্স ইস্যুর ক্ষেত্রে সরকার কর্তৃক নির্ধারিত ১৫% ভ্যাট ও উৎস কর (নবায়নের ক্ষেত্রে) ৩,০০০/- টাকা সরকারি ট্রেজারী চালানোর মাধ্যমে লাইসেন্সধারী কর্তৃক নির্ধারিত সোনালী ব্যাংক শাখায় জমা প্রদান করতে হয়। চালানোর কপি ট্রেড লাইসেন্স শাখায় জমা দিতে হবে।	প্রয়োজনীয় সকল তথ্য/ কাগজপত্র প্রাপ্তি সাপেক্ষে 'কে' ফরমে দাখিলকৃত আবেদন ৩ (তিন) দিনের মধ্যে নিষ্পত্তি করা হয়। 'আই' ফরমে দাখিলকৃত আবেদন স্বাস্থ্য বিভাগসহ অন্যান্য সংশ্লিষ্ট বিভাগের প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে ৩ (তিন) দিনের মধ্যে নিষ্পত্তি করা হয়।	সংশ্লিষ্ট অঞ্চলের লাইসেন্স শাখা ও কর কর্মকর্তার দপ্তর
		উল্লেখ্য যে, হোটেল, রেস্তোরা, গার্মেন্টস ব্যবসা, ডায়গনস্টিক সেন্টার, শিল্প কারখানা ইত্যাদি ব্যবসা প্রতিষ্ঠানের ক্ষেত্রে ফায়ার সার্ভিস, পরিবেশ অধিদপ্তর / স্বাস্থ্য বিভাগ সম্পর্কিত ছাড়পত্র ও পার্শ্ববর্তী হোল্ডিং কর্তৃক অনাপত্তি পত্র প্রয়োজন হয়।				
		পরবর্তীতে ইস্যুকৃত ট্রেড লাইসেন্স এর বৎসর ভিত্তিক নবায়ন সোনালী ব্যাংকের সংশ্লিষ্ট শাখায় নির্ধারিত নবায়ন ফি জমা প্রদানের মাধ্যমে করা যাবে।				

২	ট্রেড লাইসেন্স নবায়ন	<p>ইস্যুকৃত লাইসেন্স প্রতিবছর নবায়নযোগ্য। নবায়নের ক্ষেত্রে সরকার কর্তৃক নির্ধারিত ১৫% ভ্যাট ও উৎস কর ৩,০০০/- টাকা সরকারি ট্রেজারী চালানোর মাধ্যমে লাইসেন্সধারী কর্তৃক নির্ধারিত সোনালী ব্যাংক শাখায় জমা প্রদান করতে হবে এবং নির্ধারিত ব্যাংক ফি প্রদান করে ট্রেড লাইসেন্স নবায়ন করতে হবে।</p> <p>তাছাড়া নবায়ন বিহীন ট্রেড লাইসেন্স নবায়নের ক্ষেত্রে সংশ্লিষ্ট অঞ্চলের রাজস্ব বিভাগে বকেয়া ট্রেড লাইসেন্স ফি জমা দান সপেক্ষে হাল সনের ফি নির্ধারিত ব্যাংকে জমাদান পূর্বক নবায়ন করা হয়।</p>	---	<p>ইস্যুকৃত ট্রেড লাইসেন্স বহিতে ব্যবসার ধরন অনুযায়ী নির্ধারিত ফি /ভ্যাট/উৎস কর ব্যাংকে জমা দিতে হবে।</p>	-----	-----
৩	যে সকল এলাকায় ট্রেড লাইসেন্স দেয়া হয় না	<p>সরকার কর্তৃক নির্ধারিত আবাসিক এলাকায় গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ এবং রাজউক কর্তৃক আবাসিক এলাকায় ট্রেড লাইসেন্স ইস্যু ও নবায়নের বিষয়ে নিষেধাজ্ঞা রয়েছে।</p>	----	----	---	---